

বারিধারা ডিওএইচএস পরিষদ

ঢাকা সেনানিবাস

২য় একজিকিউটিভ কমিটির সভার কার্যবিবরণী তারিখ ২৪ মার্চ ২০১৮ ইং।

১। একজিকিউটিভ কমিটির সভার সভাপতি ও নিম্নবর্ণিত সদস্যদের উপস্থিতিতে সভার কার্যক্রম শুরু হয়।

| | | | |
|----|--|---|--------------------|
| ক। | কর্ণেল এম আব্দুল হাই (অবঃ) | - | প্রেসিডেন্ট |
| খ। | ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ) | - | সেক্রেটারী |
| গ। | মেজর শের মোহাম্মদ খান (অবঃ) | - | জয়েন্ট সেক্রেটারী |
| ঘ। | লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ) | - | ট্রেজারার |
| ঙ। | মিসেস পারভীন জোবাইদা | - | জয়েন্ট ট্রেজারার |
| চ। | লেঃ কর্নেল মোঃ আব্দুর রব (অবঃ) | - | মেম্বার সিকিউরিটি |
| ছ। | ব্রিগেঃ জেনাঃ আ স ম মোস্তফা কামাল খান, এনডিসি, পিএসসি (অবঃ) | - | মেম্বার এ্যাডমিন |
| জ। | ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) | - | সদস্য |
| ঝ। | কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি (অবঃ) | - | সদস্য |
| ঞ। | কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন (অবঃ) | - | সদস্য |
| ট। | ক্যাপ্টেন এম ওমর ফারুক, পিএসসি, জি, বিএন (অবঃ) | - | সদস্য |
| ঠ। | লেঃ কর্নেল মোঃ শফিউল ইসলাম (অবঃ) | - | সদস্য |
| ড। | জনাব রশিদ আহমেদ হোসাইনি | - | সদস্য |
| ঢ। | মিসেস ফরিদা ইয়াসমিন | - | সদস্য |
| ন। | এ্যাডভোকেট জেরিন কাশফী | - | সদস্য |

২। সেক্রেটারী সভার শুরুতে প্রেসিডেন্টের অনুমতি নিয়ে সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

| সভার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত | কার্যক্রম |
|--|------------------|
| <p><u>আলোচ্যসূচী - ১ : কোরআন তেলাওয়াত :</u></p> <p>১। সভার শুরুতে লেঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), ট্রেজারার পবিত্র কোরান থেকে তেলাওয়াত করেন এবং তারপর সভা শুরু হয়।</p> <p><u>আলোচ্যসূচী - ২ : সভাপতির স্বাগত ভাষণ :</u></p> <p>২। তিনি প্রথমে উপস্থিত নিবাহী পর্যদের সকল সদস্যদেরকে সালাম জানিয়ে তাঁদের স্বতঃস্ফূর্ত ও সক্রিয়ভাবে সকল কার্যক্রমে অংশ গ্রহনের জন্য আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি নিবাহী পর্যদের সকল সদস্যকে পার্শ্ব আলাপ না করে সভার কার্যক্রমে অংশ গ্রহন, একই সময়ে একজন সদস্যের বক্তব্য প্রদান/শ্রবন, আলোচনা ও সিদ্ধান্ত গ্রহনের জন্য বিনীতভাবে আহ্বান জানান। তিনি সংবিধানের ৩৭বি ও এল বিধির প্রতি সম্মানিত সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন এবং তার উপর অর্পিত দায়িত্ব যাতে তিনি সঠিকভাবে পালন করতে পারেন তার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন। একই সংগে তিনি উপস্থিত সকল সদস্যকে নূতন প্রনয়ণকৃত সংবিধান সম্পর্কে অবহিত হওয়ার জন্য অনুরোধ করেন এবং এতে কোন পর্যবেক্ষন থাকলে তা সেনাসদরের নির্দেশের পরিপ্রেক্ষিতে আগামী ৩১ মার্চ ২০১৮ এর মধ্যে পরিষদে লিখিতভাবে প্রেরণ করতে অনুরোধ রাখেন। সকল পর্যবেক্ষন কেন্দ্রীয়ভাবে পর্যবেক্ষন করে সংশোধনীর জন্য আগামী এপ্রিলের প্রথম সপ্তাহের মধ্যে সেনাসদরে প্রেরণ করার উদ্যোগ গ্রহন করা হবে।</p> <p><u>আলোচ্যসূচী - ৩ : গত ০৪ মার্চ ২০১৮ তারিখের একজিকিউটিভ কমিটির ১ম সভার কার্যবিবরণী বিস্তারিত ভাবে আলোচনা করা হয়।</u></p> <p>৩। ১ম ইসি সভার কার্যবিবরণীর সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে সম্পাদিত হওয়ায় সভাপতি সকল সম্মানিত সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করেন। উক্ত কার্যবিবরণী অনুমোদনের জন্য মেজর শের মোহাম্মদ খান</p> | সকল ইসি সদস্য |

(অবঃ), জয়েন্ট সেক্রেটারী প্রস্তাব করেন এবং কর্ণের মোহসিন আহমেদ চৌধুরী, পিএসসি (অবঃ), সদস্য তা সমর্থন করেন। তবে সেক্রেটারী উক্ত কার্যবিবরণীর অনুচ্ছেদ ৭ নিম্নোক্ত সংশোধনীসহ অনুমোদনের পক্ষে মত পোষন করলে সভায় তা গৃহীত ও অনুমোদিত হয়।

For : a. Members failed in the last DOHS Baridhara Porishod election should not be eligible for Membership.

b. None of the members of last Sub-Committees to continue or included.

Read : a. Members who participated & failed in the last DOHS Baridhara Porishod election should be eligible for Membership or not.

b. Members of last Sub-Committees to continue in the same committee or not.

সেক্রেটারী

আলোচ্যসূচী - ৪ : পরিষদ অফিসসমূহ, লেডিসরুম ও কনফারেন্স রুম স্থানান্তর করণ প্রসঙ্গে সভায় আলোচনা হয়।

৪। পরিষদে নির্বাচিত সকল সদস্যের কাজের মান উন্নতকরণ এবং পরিবেশকে আরও আধুনিকায়ন করণের লক্ষ্যে সভায় আলোচনা হয়। এই প্রসঙ্গে কোন কোন সদস্য বর্তমান সভাকক্ষটি স্থানান্তর এবং অফিস বেয়ারারদের কক্ষগুলিকে আরও ভাল পরিবেশে স্থানান্তরের পক্ষে মত প্রকাশ করেন। প্রেসিডেন্ট কর্ণেল এম আব্দুল হাই (অবঃ) ৪র্থ তলার পূর্বপাশের বড় হল রুমটির অর্ধেক অফিস বেয়ারার এবং সাধারণ সদস্যদের অফিস এবং বাকী অর্ধেক সভাকক্ষ হিসাবে ব্যবহারের সম্ভাব্যতা যাচাই এবং একই সংগে বর্তমান সভাকক্ষটি লেডিস ক্লাব হিসাবে ব্যবহারের প্রস্তাব করেন। ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ), সদস্য, ব্রিগেঃ জেনাঃ এএসএম মোস্তফা কামাল খান (অবঃ), মেম্বার এ্যাডমিন ও লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ), ট্রেজারারসহ আরও কয়েকজন সদস্য উল্লেখিত প্রস্তাবের সব বিষয়ে একমত পোষন না করে স্থানান্তর/পূর্নবিন্যাসের ব্যাপারে তাদের যুক্তিসমূহ উপস্থাপন করেন। অফিস বেয়ারারদের বর্তমান অফিসটি ভেঙ্গে স্থানান্তরে অনেক অর্থ ব্যয় হওয়ার ব্যাপারে ট্রেজারার মহোদয় কর্তৃক আশংকা প্রকাশ করা হলে পরবর্তীতে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহন করা হয় :

ক। বর্তমান সভাকক্ষটি স্থানান্তর করা হবে না। শুধুমাত্র নিবাহী পর্ষদের সভার কাজে ব্যবহৃত হবে।

খ। ৪র্থ তলার হল রুমটির এক তৃতীয়াংশ থাই এ্যালুমিনিয়াম ফ্রেম দিয়ে আলাদা করা হবে। সেখানে লেডিস ক্লাব তাদের কর্মকান্ড পরিচালনা করবে।

গ। অতঃপর ঐ হল রুমটির বৃহদাংশ ডিওএইচএস এর বাসিন্দাদের আগের মতই ছোট-খাট অনুষ্ঠানের জন্য ব্যবহার করতে পারবেন। সে ক্ষেত্রে এটিকে AC সহ ব্যবহার উপযোগী করা হবে। এ জন্য কিছু পরিমাণ সার্ভিস চার্জ ধার্য করা যেতে পারে।

ঘ। লেডিস ক্লাবের নতুন রুমটিতে প্রয়োজনীয় সংখ্যক এসি লাগানো হবে এবং কর্মপক্ষে ৪০/৫০ জন সদস্য একসঙ্গে বসতে পারে এমন ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় সংখ্যক চেয়ার ক্রয় করা হচ্ছে।

সেক্রেটারী

আলোচ্যসূচী - ৫ : সকল সাব-কমিটির কার্যক্রম সম্পর্কে আলোচনা

৫। **সাব-কমিটির কার্যক্রম :** নতুন একজিকিউটিভ কমিটি দায়িত্ব গ্রহনের পর সাব-কমিটিগুলি কী কী কার্যক্রম গ্রহন করেছে সে প্রসঙ্গে সকলকে জ্ঞাত করা হয়।

ক। **মসজিদ সাব কমিটি :** মসজিদ সাব-কমিটির মেম্বার সেক্রেটারী, জনাব রশিদ আহমেদ হোসাইনি নিম্নোক্ত কার্যক্রম গ্রহনের ব্যাপারে সকলকে জ্ঞাত করেন :

১) মসজিদের এসি সমূহ রক্ষনাবেক্ষন এবং প্রয়োজনীয় মেরামত করা হয়েছে।

২) মসজিদের সকল কার্পেট পরিষ্কার করণের কাজ হাতে নেওয়া হয়েছে।

৩) বারান্দায় ১ কাতার কার্পেট যোগ করার ব্যবস্থা গ্রহন করা হবে।

৪) মসজিদ সাব কমিটিতে লেঃ কর্ণেল মোঃ সফিউল ইসলাম (অবঃ) ও ব্রিগেঃ জেনাঃ এম নজীব হাসান, এনডিসি, পিএসসি, জি (অবঃ) কে তাদের আত্মহের কারণে সংপৃক্ত করা হয়।

৫) কার্পেট পরিষ্কারের জন্য ২ X vacuum cleaner ক্রয় করা হয়েছে।

৬) কনভেনশন সেন্টার মসজিদে নামাজীদের জন্য ২৯ফিটের দুইটি কার্পেট এবং একটি এসি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ। সিকিউরিটি এন্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব কমিটি: মেম্বার সিকিউরিটি, লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব (অবঃ) নিম্নোক্ত কার্যক্রমের ব্যাপারে জ্ঞাত করেন:

১) সিকিউরিটি এ্যান্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব কমিটি কর্তৃক অনন্যা গেটের আরও উত্তরে অর্থাৎ লেইন ১২/১৩ এর কাছাকাছি গাড়ী থামিয়ে ট্রাফিক জ্যাম কমানোর উদ্যোগ নেওয়া হবে। এ ব্যাপারে কমিটির সকল সদস্য উপস্থিত থেকে সরজমিনে সুবিধা অসুবিধা পর্যবেক্ষন করবেন।

২) রেন্ট এ কার এর গাড়ীর স্টিকার এর বর্তমান চাঁদার হার না কমিয়ে আগের নির্ধারিত মূল্যই বহাল রাখার পক্ষে মত পোষন করা হয়।

৩) এ্যাডভোকেট জেরিন কাশফি, মেম্বার সিকিউরিটি এ্যান্ড ট্রাফিক ম্যানেজমেন্ট সাব কমিটিতে অন্তর্ভুক্ত হওয়ার জন্য আত্মহ প্রকাশ করায় তাকে এই সাব-কমিটিতে কমিটিতে অন্তর্ভুক্ত করা হয়।

গ। এ ডি আর সাব কমিটি : ভারপ্রাপ্ত কনভেনার এডিআর সাব-কমিটি কর্ণেল মোহসিন আহমদ চৌধুরী, পিএসসি (অবঃ) সকলের জ্ঞাতার্থে এ কমিটির নিম্নোক্ত কার্যক্রমের ব্যাপারে জ্ঞাত করেন :

১) এ ডি আর সাব কমিটির ইতিপূর্বে একবার সভা হয়েছে। ৪টি মামলা নিয়ে আলোচনা হলেও একটি মামলা নিষ্পত্তি করা সম্ভব হয় নাই। তবে অচিরেই বাকি মামলাগুলি নিয়ে আলোচনা ও ব্যবস্থা নেওয়া হবে।

২) এ প্রসঙ্গে ভবিষ্যতে কোন ব্যক্তিগত মামলা যা ডিওএইচএস এর সাথে সম্পৃক্ত নয় তা এডিআর এ গ্রহন ও নিষ্পত্তি করা হবে না মর্মে একজন সদস্য মতামত ব্যক্ত করেন। এ বিষয়ে সভাপতি অভিযোগের ধরণ ও Merit of the case দেখে সিদ্ধান্ত প্রদান করবেন।

ঘ। আইটি সাব কমিটি : লেঃ কর্ণেল মোঃ শফিউল ইসলাম (অবঃ), আইটি সাব-কমিটির কর্মকান্ড সম্পর্কে সকলকে জ্ঞাত করেন :

১) সাব-কমিটি কর্তৃক সভায় ১৪ টি ওয়াকি টকি ক্রয়ের ব্যাপারে আলোচনা করা হয়। বিভিন্ন কোম্পানীর দ্বারা রিপোর্টার এর মাধ্যমে এই যন্ত্র ব্যবহারের সম্ভাব্যতা যাচাই করা যেতে পারে।

২) পারচেজ কমিটি কর্তৃক ১৪ টি ওয়াকি টকি সেট ক্রয়ে আনুমানিক টাকা ৪,১০,০০০.০০ (চার লক্ষ দশ হাজার) চাহিদার ব্যাপারে অনুমোদন চাওয়া হয়।

৩) ইন্টারনেট সার্ভিস প্রদানকারীদের সার্ভিস যথাযথ মানের নয় বলে কমিটি নিশ্চিত হয়েছে। এই ব্যাপারে ইন্টারনেট ব্যবহারকারীদের কাছ থেকে সরাসরি সার্ভিসের মান এবং কোন কোম্পানীর মান ভাল সে সম্পর্কে সত্বর একটি রিপোর্ট তৈরী করার জন্য কনভেনার ইসিকে অনুরোধ জানায়।

৪) কোন কোন সদস্য বর্তমান সার্ভিস প্রোভাইডার বাদ দিয়ে নতুন কোন উন্নত প্রযুক্তি সম্পন্ন প্রোভাইডার নির্ধারণ করার ব্যাপারে তাদের আত্মহ প্রকাশ করে। পরিষদের প্রেসিডেন্ট বর্তমান সার্ভিস প্রদানকারীদের একটি তালিকা প্রনয়নের জন্য অনুরোধ করেন।

ঙ। কনভেনশন সেন্টার সাব কমিটি : কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন (অবঃ), মেম্বার সেক্রেটারী, কনভেনশন সেন্টার সাব কমিটির নিম্নোক্ত কার্যক্রম সম্পর্কে সকলকে অবহিত করেন :

১) কনভেনশন সেন্টার সাব কমিটি লিফট স্থাপনের ব্যাপারে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এই ব্যাপারে বিভিন্ন স্বনামধন্য কোম্পানীকে তাদের প্রস্তাব প্রদানের জন্য অনুরোধ করা হয়েছে।

২) নতুন Evaluation Committee কর্তৃক সঠিকভাবে প্রস্তাবসমূহ যাচাই-বাছাই করে লিফট সংযোজনের ব্যাপারে কার্যক্রম গ্রহন করতে উপদেশ দেয়া হয়েছে।

৩) বর্তমান কাঠামোতে নুতন করে লিফট সংযোজনের সঠিক স্থান নির্বাচনের জন্য প্রয়োজনে MIST থেকে দক্ষ বিশেষজ্ঞ আনার ব্যাপারে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

চ। গেমস, স্পোর্টস, কালচারাল এ্যান্ড ফিটনেস সেন্টার সাব কমিটি : মেজর শের মোহাম্মদ খান (অবঃ), কনভেনার গেমস, স্পোর্টস, কালচারাল এ্যান্ড ফিটনেস সেন্টার সাব কমিটির কার্যক্রম সম্পর্কে কমিটিকে জ্ঞাত করেন :

১) গেমস, স্পোর্টস, কালচারাল এ্যান্ড ফিটনেস সেন্টার সাব কমিটি ললিতকলা একাডেমী ও ফিটনেস সেন্টারের জন্য ২ জন সদস্যকে সমন্বয়কারী হিসাবে মনোনয়ন দিয়েছে।

২) ২ টি কমার্শিয়াল ট্রেডমিল ক্রয়ের ব্যাপারে প্রস্তাব গৃহীত হয় এবং এই ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানান হয়।

৩) ললিত কলা একাডেমীর ৪টি এসি মেরামতের প্রস্তাব গৃহীত হয় এবং ব্যবস্থা নেওয়া হচ্ছে বলে জানান।

৪) ফিটনেস সেন্টারের মহিলা রুমের দরজার জন্য পর্দা লাগানোর ব্যবস্থা করা হয়েছে।

৫) জুডো ও কেরাতে প্রশিক্ষনের জন্য উপযুক্ত স্থান নির্ধারণ ও প্রশিক্ষক নিয়োগের ব্যাপারে পদক্ষেপ গ্রহন করা হবে বলে জানান হয়।

ছ। লাইব্রেরী এ্যান্ড পাবলিকেশন সাব-কমিটি : কনভেনার, কর্ণেল প্রফেসর মোঃ মোশাররফ হোসেন (অবঃ) জ্ঞাত করেন যে, আগামী ২৭ মার্চ এই সাব-কমিটির সভা অনুষ্ঠিত হবে এবং তাদের গৃহীত ব্যবস্থা পরবর্তী একজিকিউটিভ কমিটির সভায় জ্ঞাত করা হবে।

আলোচ্যসূচী - ৬ : পুকুরের ঠিকাদার কর্তৃক আবেদন পত্র নিয়ে আলোচনা

৬। পুকুরের মাছ চাষ ঠিকাদার কর্তৃক প্রেরিত আবেদন একজিকিউটিভ কমিটিতে পর্যালোচনা করা হয়। একজিকিউটিভ কমিটি সর্বসম্মতিক্রমে এই ব্যাপারে এজিএম এর সিদ্ধান্ত বহাল রাখার পক্ষে মত দেন। সদস্যগণ মৎস ঠিকাদারকে পত্র দিয়ে জেলেদের মাধ্যমে মাছ ধরার ব্যাপারে তাকে জ্ঞাত করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করেন। একই সঙ্গে এই মৎস চাষের জন্য পুকুরে কী পরিমাণ ক্ষতি হয়েছে, পুকুর বাঁধাইয়ে কী পরিমাণ টাকা ব্যয় হয়েছে এবং ঠিকাদারের আবেদন গ্রহন করলে কী পরিমাণ ক্ষতির সম্ভাবনা রয়েছে তা উল্লেখ পূর্বক সেনাসদরে পত্র প্রেরণের সিদ্ধান্ত নেওয়া হয়।

আলোচ্যসূচী - ৭ : Organogram চূড়ান্ত করার লক্ষ্যে আলোচনা

৭। বর্তমানে Organogram টি গত ৫ মে ২০১৬ সালে প্রনয়ণ করা হয়। বিগত কয়েক বৎসরে কাজের পরিধি বৃদ্ধি পাওয়ায় এবং বর্তমান নিরাপত্তা ব্যবস্থাকে আরও জোরদার করার জন্য প্রতিটি শাখার আরও জনবল বৃদ্ধির প্রয়োজন দেখা দিয়েছে। পূর্বের Organogram এর সাথে সংগতি রেখে ১টি সংশোধিত Organogram নিবাহী কমিটির সভায় অনুমোদনের জন্য উপস্থাপিত হলে তা নিয়ে বিস্তারিত আলোচনা হয় এবং সর্ব-সম্মতিক্রমে নিম্নের প্রস্তাবটি গৃহীত হয়ঃ

| ক্রঃ | শাখা | বর্তমান | প্রস্তাবিত | বৃদ্ধি | হ্রাস | পদবী পরিবর্তন | আর্থিক |
|------|------|---------|------------|--------|-------|---------------|--------|
|------|------|---------|------------|--------|-------|---------------|--------|

| নং | | | | | | /জনবল বৃদ্ধি | সংশ্লিষ্টতা প্রতিমাসে | |
|-----|----------------|----------------------------|----------------------------|---|---|-----------------------------|--|------------|
| ১। | সেক্রেটারিয়েট | ২ X অফিস সহকারী | ২ X সিনিয়র এ্যাসোসিয়েট | - | - | পদবী পরিবর্তন | ১। আশিষ সিকদার ২। মোঃ ইব্রাহিম খলিল | সেক্রেটারী |
| ২। | „ | ১ X আইটি একজিকিউটিভ | ১ X আইটি এ্যাসোসিয়েট | - | - | পদবী পরিবর্তন | | |
| ৩। | „ | ১ X অফিস সহকারী | ৩ X অফিস এ্যাসোসিয়েট | ২ | | পদবী পরিবর্তন ও জনবল বৃদ্ধি | ১২,৯০০ X ২ = +২৫,৮০০/- | |
| ৪। | „ | ২ X অফিস পিয়ন | ৩ X অফিস সহায়ক (এমএলএসএস) | ১ | | পদবী পরিবর্তন ও জনবল বৃদ্ধি | +৮,৮৫০/- | |
| ৫। | „ | ১ X এ্যাম্বু: ড্রাইভার | ২ X এ্যাম্বু: ড্রাইভার | ১ | - | জনবল বৃদ্ধি | +১৪,০০০/- | |
| ৬। | „ | ১ X মেডিকেল সহকারী | - | - | - | - | | |
| ৭। | „ | ৪ X সার্ভিস সেন্টার সহকারী | ৩ X সার্ভিস সেন্টার সহকারী | - | ১ | - | - ৮,৮৫০/- | |
| ৮। | „ | | ১ X ক্লিনার | ১ | - | নতুন নিয়োগ | + ৮,৩৫০/- | |
| ৯। | „ | | ১ X কুক | ১ | - | নতুন নিয়োগ | + ৮,৮৫০/- | |
| ১০। | একাউন্ট শাখা | ১ X একাউন্ট একজিকিউটিভ | - | - | - | - | | |
| ১১। | „ | ১ X একাউন্ট্যান্ট | - | - | - | - | | |
| ১২। | „ | ৩ X কালেক্টর | ৪ X কালেক্টর | ১ | - | জনবল বৃদ্ধি | + ১২,০০০/- | |
| ১৩। | „ | - | ১ X অফিস এ্যাসোসিয়েট | ১ | - | নতুন নিয়োগ | + ১২,৯০০/- | |
| ১৪। | সিকিঃ শাখা | ১ X ফিল্ড সিকিঃ অফিসার | - | - | - | - | | |
| ১৫। | „ | ১ X চীফ সিকিঃ সুপারভাইজার | - | - | - | - | | |
| ১৬। | „ | ১০ X সিকিঃ সুপারভাইজার | - | - | - | - | | |
| ১৭। | „ | ১ X অফিস সহকারী | ১ X অফিস এ্যাসোসিয়েট | - | - | পদবী পরিবর্তন | | |

| ক্রঃ নং | শাখা | বর্তমান | প্রস্তাবিত | বৃদ্ধি | হ্রাস | পদবী পরিবর্তন /জনবল বৃদ্ধি | আর্থিক সংশ্লিষ্টতা |
|---------|---------------|---------------------------|--------------------------|--------|-------|----------------------------|---------------------------|
| ১। | সিকিঃ শাখা | ১ X স্টোরম্যান | - | - | - | - | |
| ২। | „ | ৮১ X সিকিঃ গার্ড | ৯০ X সিকিঃ গার্ড | ৯ | - | জনবল বৃদ্ধি | ৮,৮৫০ X ৯ = + ৭৯,৬৫০/- |
| ৩। | „ | ২ X কুক | ৩ X কুক | ১ | - | জনবল বৃদ্ধি | + ৮,৮৫০/- |
| ৪। | „ | - | ১ X ক্লিনার | ১ | - | জনবল বৃদ্ধি | + ৮,৩৫০/- |
| ৫। | এ্যাডমিন শাখা | - | ১ X এ্যাডমিন অফিসার | ১ | - | নতুন নিয়োগ | + ১৮,০০০/- |
| ৬। | „ | ২ X এ্যাডমিন সুপারভাইজার | ৩ X এ্যাডমিন সুপারভাইজার | ১ | - | জনবল বৃদ্ধি | + ১১,৪০০/- |
| ৭। | „ | ১ X ইলেকট্রিশিয়ান | - | - | - | - | |
| ৮। | „ | ১ X সহকারী ইলেকট্রিশিয়ান | - | - | - | - | |

সকল ইসি সদস্য ও সেক্রেটারী

| | | | | | | | |
|-----|-----------------|------------------------|----------------------|---|---|-------------|--------------------------|
| ৯। | „ | ৭ X গার্ডেনার | - | - | - | - | |
| ১০। | „ | ২২ X ক্লিনার | - | - | - | - | |
| ১১। | কনভেনশন সেন্টার | ১ X ম্যানেজার | - | - | - | - | |
| ১২। | „ | - | ১ X সহকারী ম্যানেজার | ১ | - | নতুন নিয়োগ | ১৫,০০০/- |
| ১৩। | „ | ১ X একাউন্ট সহকারী | - | - | - | - | |
| ১৪। | „ | ১ X ইমাম | - | - | - | - | |
| ১৫। | „ | ১ X ইলেকট্রিশিয়ান | - | - | - | - | |
| ১৬। | „ | ৪ X সিকিউরিটি গার্ড | ৬ X সিকিউরিটি গার্ড | ২ | - | জনবল বৃদ্ধি | ৮,৮৫০ X ২ = +১৭,৭০০/- |
| ১৭। | „ | ২ X ক্লিনার | - | - | - | - | |
| ১৮। | „ | ১ X গার্ডেনার | - | - | - | - | |
| ১৯। | মসজিদ শাখা | ১ X ইমাম | - | - | - | - | |
| ২০। | „ | ১ X সিনিয়র মুয়াজ্জিন | - | - | - | - | |
| ২১। | „ | ১ X মুয়াজ্জিন | - | - | - | - | |
| ২২। | „ | ৩ X খাদেম | - | - | - | - | |
| ২৩। | „ | ২ X ক্লিনার | - | - | - | - | |
| ২৪। | „ | | ১ X ওয়েট ক্লিনার | ১ | - | নতুন নিয়োগ | + ৮,৮৫০/- |

| ক্রঃ নং | শাখা | বর্তমান | প্রস্তাবিত | বৃদ্ধি | হ্রাস | পদবী পরিবর্তন / জনবল বৃদ্ধি | আর্থিক সংশ্লিষ্টতা |
|---------|---|--|--------------------------------------|--------|-------|-----------------------------|--------------------|
| ১। | স্পোর্টস এন্ড কালচারাল শাখা (বোট ক্লাব) | ১ X সিকিউ গার্ড | - | - | - | - | |
| ২। | ফিটনেস সেন্টার | ১ X অভ্যর্থনাকারী কাম ক্লার্ক/ সুপারভাইজার | ১ X অভ্যর্থনাকারী/ অফিস এ্যাসোসিয়েট | - | - | পদবী পরিবর্তন | |
| ৩। | „ | - | ১ X সুপারভাইজার | ১ | - | নতুন নিয়োগ | + ১১,৮০০/- |
| ৪। | „ | ১ X পুরুষ ট্রেইনার | ২ X পুরুষ ট্রেইনার | ১ | - | জনবল বৃদ্ধি | + ১১,৮০০/- |
| ৫। | „ | ১ X মহিলা ট্রেইনার | ২ X মহিলা ট্রেইনার | ১ | - | জনবল বৃদ্ধি | + ১১,৮০০/- |
| ৬। | „ | ১ X ক্লিনার | - | - | - | - | |
| ৭। | ডিবিসিসি | ১ X অফিস সহকারী | ১ X অফিস এ্যাসোসিয়েট | - | - | পদবী পরিবর্তন | + ১২,৯০০/- |

| | | | | | | | |
|----|-------|-----|--|----|---|---------------|--|
| ৮। | ,, | | ১ X অফিস সহায়ক (এলএমএসএস) (এড-হক) | - | - | পদবী পরিবর্তন | + ৮,৮৫০/- |
| | মোট : | ১৭২ | ১৯৯ | ২৮ | ১ | | ৩,০৪,৮৫০ x ১২ = ৩৬,৫৮,২০০/- টাকা প্রতি বছরে ব্যয় হবে। |

আলোচ্যসূচী - ৮ : বারিধারা ডিওএইচএস এ রিক্সা চলাচলের ঠিকাদার নিয়োগ।

৮। আগামী ০১ মে ২০১৮ তারিখে বর্তমান রিক্সা ঠিকাদারদের মেয়াদ উত্তীর্ণ হবে বিধায় নতুন ঠিকাদার নিয়োগের জন্য একটি কমিটি গঠন করতঃ উন্মুক্ত টেন্ডারের মাধ্যমে সুষ্ঠু ও সফলভাবে বিভিন্ন কার্যক্রম শেষ করে চুক্তি নবায়নের ব্যাপারে আলোচনা হয়। মেম্বার এ্যাডমিন ব্রিগেঃ জেনাঃ আ স ম মোস্তাফা কামাল খান, এনডিসি, পিএসসি (অবঃ) কে এই দায়িত্ব সম্পন্ন করার জন্য অনুরোধ করা হয়। আগামীতে বর্তমান রিক্সাভাড়া বৃদ্ধি না করার শর্তে ২৫০ টি রিক্সা কমপক্ষে ৫ জন ঠিকাদারের মধ্যে ভাগাভাগি করে চলাচলের অনুমোদন দেয়ার ব্যাপার সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচী - ৯ : ইসি কমিটির সদস্যদের মোবাইল ফোন বিল নিয়ে আলোচনা

৯। পূর্বের চর্চা অনুযায়ী বর্তমানে ৪ জন ইসি সদস্য অফিসের কার্যক্রম পরিচালনা করার জন্য মাসে ১০০০ টাকা করে মোবাইল বিল প্রদান করা হচ্ছে। প্রত্যেক ইসি সদস্যই কোননা কোন সাব-কমিটির কনভেনার বা সদস্য সচিব হিসাবে দায়িত্ব পালন করছেন। নানাবিধ সমন্বয়ের জন্য তাদের মোবাইল ফোনে কথা বলার প্রয়োজন হয়। অন্য ডিওএইচএস সমূহে এ ধরনের মোবাইল ভাতা প্রদানের ব্যবস্থা চলমান আছে। সভায় সকল সদস্যদের জন্য এই মোবাইল বিল প্রদানের ব্যাপারে আলোচনা করা হলে বিভক্ত মতামত পাওয়া যায়। ট্রেজারার লেঃ কর্ণেল এম আব্দুর রব (অবঃ) প্রতি সদস্যের জন্য মাসে ৫০০/- টাকা করে মোবাইল বিল নির্ধারণের প্রস্তাব করেন যা সভায় গৃহীত হয়।

আলোচ্যসূচী-১০ : বিবিধ

১০। ব্রিগেডিয়ার জেনারেল আ স ম মোস্তাফা কামাল খান, এনডিসি, পিএসসি (অবঃ) কর্তৃক মাসিক ইসি সভায় প্রতি মাসের চলতি হিসাব বিবরণী সদস্যদের জ্ঞাতার্থে ট্রেজারার কর্তৃক আলোচনা/পর্যালোচনার প্রস্তাব প্রদান করা হলে সর্ব সম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়।

১১। ২৪ মার্চ ২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার পূর্বে পরিষদ কর্তৃক নিম্নবর্ণিত ব্যয়কৃত অর্থের অনুমোদন দেয়া হয় :

পরিষদ ফান্ড :

| ক্র.নং | খরচের বিবরণ | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | কার্যক্রম |
|--------|---|-----------|-------------------|-----------|
| ১ | ২৬ মার্চ স্বাধীনতা দিবস এর খরচ | ২৫,০০০.০০ | ইসি | ট্রেজারার |
| ২ | ডিওএইচএস এর বিভিন্ন বাগানের জন্য ফুলের চারা ক্রয় | ১০,২৯০.০০ | ইসি | ,, |
| ৩ | পরিষদ অফিসের ফটোকপি মেশিন মেরামত | ২১,৬০০.০০ | ইসি | ,, |

এ্যাডমিন এন্ড সিকিউরিটি ফান্ড :

| ক্র.নং | খরচের বিবরণ | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | কার্যক্রম |
|--------|---|-----------|-------------------|-----------|
| ১ | অনন্যা মার্কেট এর সামনে নতুন তৈরীকৃত বাউন্ডারী ওয়াল রং করণ খরচ | ২০,০৮২.০০ | ইসি | ট্রেজারার |
| ২ | মশা নিধনের জন্য ঔষধ, অকটেন এবং ডিজেল ক্রয় | ৪৪,৩০৪.০০ | ইসি | ,, |

ব্রিগেঃ জেনাঃ এএসএম
মোস্তাফা কামাল খান,
এনডিসি, পিএসসি
(অবঃ), মে. এ্যাডমিন

ইসি সদস্য
এবং ট্রেজারার

ট্রেজারার

| | | | | |
|---|--|-------------|-----|---|
| ৩ | প্রেসিডেন্ট মহোদয় এর অফিস কক্ষের জন্য কার্পেট ক্রয় | ১৫,০৯৮.০০ | ইসি | „ |
| ৪ | পরিষদ অফিসের এসি, সিকিউরিটি ব্যারাকের গার্ড রুমের দরজা ও অন্যান্য উপকরণ মেরামত | ১০,৭০০.০০ | ইসি | „ |
| ৫ | গার্বের্জ পয়েন্ট হতে ক্যান্ট বোর্ড এর গাড়ী দ্বারা গার্বের্জ অপসারণ | ৩৮,০০৫.০০ | ইসি | „ |
| ৫ | মশা নিধনের জন্য ঔষধ, অকটেন এবং ডিজেল ক্রয় | ৩৬,০৯৮.০০ | ইসি | „ |
| ৬ | ইসি নির্বাচন ২০১৮ উপলক্ষ্যে ক্যান্টনমেন্ট বোর্ডকে নির্বাচনী খরচ প্রদান | ৫,০০,০০০.০০ | ইসি | „ |
| ৭ | পরিষদ এর বিভিন্ন অফিস কক্ষ রং করণ খরচ | ১৯,৫৭৩.০০ | ইসি | „ |
| ৮ | কনভেনশন সেন্টার এর ৪র্থ তলায় ট্রেজারার এবং মেম্বার সিকিউরিটির জন্য নতুন অফিস তৈরী করণ খরচ | ১,১৮,৬৮০.০০ | ইসি | „ |

মসজিদ ফান্ড :

| ক্র.নং | খরচের বিবরণ | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | কার্যক্রম |
|--------|---|-------------|-------------------|-----------|
| ১ | বারিধারা ডিওএইচএস মসজিদের উত্তর পার্শ্বে নামাজের জায়গা পাঁকা করণ খরচ | ২,৪৩,৪৪০.০০ | ইসি | ট্রেজারার |
| ২ | বারিধারা ডিওএইচএস মসজিদের উত্তর পার্শ্বে নামাজের জায়গায় টাইলস করণ খরচ | ১,০৪,৯৫০.০০ | ইসি | „ |
| ৩ | মসজিদের ২য় তলার আইপিএস এর জন্য ২টি ব্যাটারী ক্রয় খরচ | ২০,০০০.০০ | ইসি | „ |
| ৪ | মসজিদের কার্পেট পরিষ্কার করার জন্য ৩টি ভ্যাকুম ক্লিনার ক্রয় | ৪৮,০০০.০০ | ইসি | „ |
| ৫ | মসজিদের নীচ তলায় ১টি ৫টন এসির কমপ্রেসার ক্রয় এবং এসি সচল করণ খরচ | ৪৮,০০০.০০ | ইসি | „ |
| ৬ | মসজিদের সকল এসি'র ইনডোর এবং আউটডোর সার্ভিসিং খরচ | ২৫,০০০.০০ | ইসি | „ |

কনভেনশন সেন্টার ফান্ড :

| ক্র.নং | খরচের বিবরণ | টাকা | অনুমোদন কর্তৃপক্ষ | কার্যক্রম |
|--------|---|-------------|-------------------|-----------|
| ১ | কনভেনশন সেন্টার এর ৫ম এবং ৬ষ্ঠ তলায় থাই এ্যালুমিনিয়াম লাগানো খরচ | ৩,৮৮,০০০.০০ | ইসি | ট্রেজারার |
| ২ | কনভেনশন সেন্টার এর ৫ম এবং ৬ষ্ঠ তলায় টাইলস লাগানো কাজের লেবার মজুরী | ৬০,০০০.০০ | ইসি | „ |
| ৩ | কনভেনশন সেন্টার এর ৫ম এবং ৬ষ্ঠ তলায় ইলেকট্রিক কাজের লেবার খরচ | ৪০,০০০.০০ | ইসি | „ |
| ৪ | কনভেনশন সেন্টার এর লিফট স্থাপনে খরচ (৩য় ধাপ) | ২,১৯,৫০০.০০ | ইসি | „ |
| ৫ | কনভেনশন সেন্টার এর ৫ম এবং ৬ষ্ঠ তলায় কাজের রাজ মিস্ত্রি মজুরী | ২,০০,০০০.০০ | ইসি | „ |
| ৬ | কনভেনশন সেন্টার এর ৫ম এবং ৬ষ্ঠ তলায় সেনিটারী মালামাল ক্রয় খরচ | ২,০০,০০০.০০ | ইসি | „ |

| | | | | |
|----|---|--------------|-----|---|
| ৭ | কনভেনশন সেন্টার এর সার্ভিস প্রোভাইডারদের জামানত এর অর্থ ফেরত | ৫৬,৫০,০০০.০০ | ইসি | „ |
| ৮ | কনভেনশন সেন্টার এর ছাদে ট্রাস লাগানো খরচ | ২,৪০,০০০.০০ | ইসি | „ |
| ৯ | কনভেনশন সেন্টার এর ৫ম এবং ৬ষ্ঠ তলায় কাজের রাজ মিস্ত্রি মজুরী | ৩,১৫,৮০০.০০ | ইসি | „ |
| ১০ | কনভেনশন সেন্টার এর ৫ম এবং ৬ষ্ঠ তলার জন্য টাইলস ক্রয় খরচ | ১,০১,৫৭৮.০০ | ইসি | „ |
| ১১ | কনভেনশন সেন্টার এর ছাদের জন্য টাইলস ক্রয় খরচ | ৪,০০,০০০.০০ | ইসি | „ |
| ১২ | কনভেনশন সেন্টার এর ছাদের জন্য সিমেন্ট, বালু এবং খোয়া ক্রয় খরচ | ২,৪৫,৫০০.০০ | ইসি | „ |
| ১৩ | কনভেনশন সেন্টার এর লিফটকোর এর জন্য টাইলস ক্রয় খরচ | ৫৪,০০০.০০ | ইসি | „ |
| ১৪ | কনভেনশন সেন্টার এর ছাদে ট্রাস লাগানো খরচ | ১,২৩,৫১৬.০০ | ইসি | „ |
| ১৫ | কনভেনশন সেন্টার এর ৫ম ও ৬ষ্ঠ তলায় থাই এ্যালুমিনিয়াম লাগানো খরচ | ৩,০০,৭৪০.০০ | ইসি | „ |
| ১৬ | কনভেনশন সেন্টার এর ৫ম ও ৬ষ্ঠ তলার ভিতর এবং সম্পূর্ণ ভবন এর বাহিরের অংশ রং করণ খরচ | ১,৪৮,৭৮৮.০০ | ইসি | „ |
| ১৭ | কনভেনশন সেন্টারের বেজমেন্ট এর টিনসেড মেরামত এবং একটি ম্যানহোল তৈরী | ২৫,৪২০.০০ | ইসি | „ |
| ১৮ | কনভেনশন হলের সকল দরজায় গ্লাস পেপার লাগানো এবং সুইং ডোর মেরামত খরচ | ১৩,২৩০.০০ | ইসি | „ |
| ১৯ | কনভেনশন সেন্টার এর লেভেল ৪ এ থাই এ্যালুমিনিয়াম লাগানো খরচ | ৮২,৪৭৫.০০ | ইসি | „ |
| ২০ | কনভেনশন সেন্টার এর ৫ম ও ৬ষ্ঠ তলায় টাইলস লাগানো খরচ | ১,৪৮,০৫৯.০০ | ইসি | „ |
| ২১ | কনভেনশন সেন্টারের লিফটকোর এর সামনে এসএস রেলিং লাগানো খরচ | ২১,৩৭৫.০০ | ইসি | „ |
| ২২ | কনভেনশন হল ১ ও ২ এর ভিতরে রং করণ বাবদ খরচ | ১,০৪,৮৮০.০০ | ইসি | „ |

৩। সময়ের সল্পতা এবং দীর্ঘ আলোচনার প্রেক্ষিতে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শেষ করেন এবং কার্যক্রম গ্রহণ করা যায়নি এই ধরনের পয়েন্ট সমূহ পরবর্তী সভায় আলোচনার জন্য মতামত ব্যক্ত করেন।



কর্ণেল এম আব্দুল হাই (অবঃ)
প্রেসিডেন্ট

তারিখ : ০৪ এপ্রিল ২০১৮

কার্যক্রম :

সম্মানিত সকল ইসি সদস্য



ব্রিগেঃ জেনাঃ শাহ মোঃ মহিউদ্দিন (অবঃ)
সেক্রেটারী

তারিখ : ০৪ এপ্রিল ২০১৮